

**এ মাসের শেষ সপ্তাহে ডিগ্রী
পরীক্ষার ফল প্রকাশ
জুলাইয়ের দ্বিতীয়
সপ্তাহে এসএসসির**

শহিদুল্লাহম্যান শিখু ৯ চলতি জুনের শেষ সপ্তাহে প্রকাশ করা হবে ডিগ্রী পরীক্ষার ফল। জুলাইয়ের দ্বিতীয় সপ্তাহে এসএসসি পরীক্ষার ফল প্রকাশ করা হবে। চলমান এইচএসসি পরীক্ষার ফল মেডিং সিস্টেমে প্রকাশ করা হলেও মানোন্নয়ন এবং এক বিষয়ে ফেল করা পরীক্ষার্থীদের রেজাল্ট হবে সনাতনী পাস-ফেল।
(২- পৃষ্ঠা ২-এর কঃ দেখুন)

এ মাসের শেষ সপ্তাহে ডিগ্রী
(প্রথম পাতার পর)

পদ্ধতিতে। এদিকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে অনুষ্ঠিত অনার্স ফাইনাল পরীক্ষার ফল প্রকাশ শুরু হয়েছে এবং ইতোমধ্যে ১১টি বিষয়ের ফল কলেজগুলোতে পাঠানো হয়েছে।
চলমান এইচএসসি পরীক্ষার ফল মেডিং সিস্টেমে প্রকাশ করার সিদ্ধান্ত নেয়া হলেও ফেল করা, মানোন্নয়ন পরীক্ষায় অংশ নেয়া পরীক্ষার্থীদের ফল কিভাবে প্রকাশ করা হবে তা নিয়ে পরীক্ষার্থীদের মধ্যে বিভ্রান্তি রয়েছে। শিক্ষা বোর্ডগুলো থেকে এ ধরনের কোন নির্দেশনা দেয়া হয়নি। এ ব্যাপারে ঢাকা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক প্রফেসর শাহ মুহাম্মদ ফরহাদ বলেছেন, এক বিষয়ে ফেল করা বা মানোন্নয়ন পরীক্ষায় অংশ নেয়া পরীক্ষার্থীদের রেজাল্ট কিভাবে প্রকাশ করা হবে তা বিভিন্ন বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রকরা বসে অচিরেই ঠিক করবেন। তবে সাধারণ নিয়মে এ ধরনের পরীক্ষার্থীর রেজাল্ট সনাতন পদ্ধতিতে হবার কথা। কারণ যে পরীক্ষার্থী মানোন্নয়ন পরীক্ষা দিয়েছে সে আগে একটি রেজাল্ট পেয়েছে এবং সেটির চেয়ে ভাল করার জন্য পরীক্ষা দিয়েছে। আবার এক বিষয়ে যেসব পরীক্ষার্থী ফেল করেছে তাদের অন্যান্য বিষয়ের ফল যেহেতু পাস-ফেল পদ্ধতিতে নির্ধারণ করা হয়েছে সেহেতু একটি বিষয়ের ফল সনাতন পদ্ধতিতে হওয়া স্বাভাবিক। তবে যারা পত বছর ফেল করে নতুনভাবে সব বিষয়ে পরীক্ষা দিচ্ছে তাদের রেজাল্ট মেডিং সিস্টেমেই প্রকাশ হবে।

এদিকে ডিগ্রী পরীক্ষার ফল নিয়ে দেশজুড়ে পরীক্ষার্থীদের মধ্যে টেনশন চলছে। নির্ধারিত তিন মাস সময় পার হলেও ফল প্রকাশ হচ্ছে না। জাতীয় বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রক প্রফেসর আবদুল হামিদ বলেছেন, আগামী দুই সপ্তাহের মধ্যে ডিগ্রী পরীক্ষার ফল প্রকাশ করা যাবে বলে তিনি আশা করছেন। পরীক্ষা নিয়ন্ত্রক বলেন, সোমবার পর্যন্ত মাত্র হাজার পরীক্ষার্থীর নম্বর আসা বাকি ছিল। একশ্রেণীর পরীক্ষক সময়মতো নম্বর না পাঠানোর কারণে ফল প্রকাশে বিলম্ব হচ্ছে এবং এসব পরীক্ষককে ভবিষ্যতে খাতা দেখতে দেয়া হবে না বলে তিনি জানান।

এদিকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে অনুষ্ঠিত অনার্স ফাইনাল পরীক্ষার ফল বেশ দেরিতে প্রকাশ শুরু হয়েছে। সোমবার পর্যন্ত ১১টি বিষয়ের ফল প্রকাশ করা হয়েছে। পরীক্ষকরা সময়মতো খাতা দেখা শেষ না করায় অনার্সের ফল প্রকাশেও বিলম্ব হচ্ছে বলে জানা গেছে।
এদিকে এসএসসি পরীক্ষার ফল তিন মাসের মাথায় আগামী জুলাই মাসের দ্বিতীয় সপ্তাহে প্রকাশ করা হবে বলে জানালেন ঢাকা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক প্রফেসর শাহ মুহাম্মদ ফরহাদ। তিনি বলেন, ইতোমধ্যে এসএসসি পরীক্ষার ফল প্রকাশের প্রায় ৭০ ভাগ প্রকৃতি সম্পূর্ণ হয়েছে।